




UK Health  
Security  
Agency

NHS



আপনার শিশুর

# COVID-19 টিকাদানের পর কী হতে পারে



5 থেকে 11 বছর বয়সী শিশুদের  
বাবা-মায়েদের জন্য একটি নির্দেশিকা

[nhs/CovidVaccine](https://www.nhs.uk/covidvaccine) থেকে আরও বিস্তারিত জানুন



**NHS সকল উপযুক্ত শিশুকে  
COVID-19 টিকা দিচ্ছে।**

এই লিফলেট থেকে আপনি জানতে  
পারবেন আপনার শিশুর টিকাদানের  
পর কী হতে পারে।

## পার্শ্বপ্রতিক্রিয়া

অন্যান্য ওষুধের মতো টিকারও পার্শ্বপ্রতিক্রিয়া থাকতে পারে। এদের অধিকাংশই কম তীব্রতা সম্পন্ন এবং ক্ষণস্থায়ী। তবে সব শিশু এই সমস্যায় ভোগে না।

সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়াগুলি কেবলমাত্র এক খেকে দুই দিন পর্যন্ত স্থায়ী হয়। Pfizer টিকার ক্ষেত্রে সাধারণত দ্বিতীয় ডোজের পর বেশি পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দেয়। প্রথম এক-দুই দিনে যে সকল সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যায়, তাদের মধ্যে রয়েছে:

- হাতে যেখানে ইঞ্জেকশন দেওয়া হয়েছে, সেখানে ব্যথা হওয়া, ভারী ভাব থাকা এবং নরম মনে হওয়া
- ক্লান্ত অনুভব করা
- মাথাব্যথা, ঘন্টাগালি এবং শরীরের ঠাণ্ডা হয়ে যাওয়া

এক-দুই দিনের জন্য কাঁপুনি দিয়ে জ্বরের মতো ফ্লয়ের উপসর্গও দেখা দিতে পারে। তবে গায়ে বেশি তাপ থাকলে সেটা COVID-19 বা অন্য সংক্রমণের ইঙ্গিতও দিতে পারে।

তাদের বিশ্রাম নেওয়া উচিত। তাদের ভালো অনুভব করার জন্য paracetamol দেওয়া যেতে পারে। বয়স অনুযায়ী paracetamol-এর সঠিক মাত্রা এবং প্রকার অনুগ্রহ করে যাচাই করুন।

[www.nhs.uk/medicines/paracetamol-for-children](http://www.nhs.uk/medicines/paracetamol-for-children) থেকে আপনি paracetamol-এর ব্যাপারে আরও তথ্য জানতে পারেন।

বিরল পার্শ্বপ্রতিক্রিয়ার মধ্যে রয়েছে যে হাতে টিকা দেওয়া হয়েছে, সেই দিকের ঘাড় বা বগলে ঘ্যান্ড ফুলে যাওয়া। এটি 10 দিন পর্যন্ত স্থায়ী হতে পারে, তবে তার চেয়ে বেশিদিন থাকলে চিকিৎসকের সাথে দেখা করুন।

## আপনি যদি তাদের উপসর্গের ব্যাপারে উদ্বিগ্ন হন তাহলে কী করবেন

সাধারণত এই উপসর্গগুলি এক সপ্তাহের কম সময়  
পর্যন্ত স্থায়ী হয়। যদি উপসর্গগুলি আরও গুরুতর হয়  
বা আপনি যদি উদ্বিগ্ন হন, তাহলে 111 নম্বরে NHS-এ  
কল করতে পারেন। আপনার যদি চিকিৎসক বা নার্সের  
থেকে পরামর্শের প্রয়োজন হয়, তাহলে নিশ্চিত করুন  
যে আপনি নিজের টিকাদানের বিস্তারিত তাদেরকে  
বলেছেন (তাদেরকে টিকাদানের কার্ড দেখান), যাতে তারা  
যথাযথভাবে আপনার শিশুর মূল্যায়ন করতে পারেন।

এছাড়া আপনি **Yellow Card স্কিম (Yellow Card scheme)** এর মাধ্যমে বা **Yellow Card অ্যাপ ডাউনলোড করে (downloading the Yellow Card app)** অনলাইনে ওষুধ এবং টিকার সন্দেহজনক  
পার্শ্বপ্রতিক্রিয়ার ব্যাপারে রিপোর্ট করতে পারেন।



[coronavirus-yellowcard.mhra.gov.uk](https://coronavirus-yellowcard.mhra.gov.uk)

## অন্যান্য গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়াগুলি কী কী?

সম্প্রতি COVID-19 টিকা নেওয়ার পর রিপোর্ট করা  
বিরল পার্শ্বপ্রতিক্রিয়ার মধ্যে রয়েছে বুকে জ্বালাভাব  
(যাকে বলা হয় myocarditis (মাইওকার্ডিটিজ)  
বা pericarditis (পেরিকার্ডিটিজ))।

টিকা নেওয়ার কয়েক দিনের মধ্যে মূলত কম বয়সী পুরুষদের মধ্যে এগুলি দেখা যায়। এরকম অধিকাংশ মানুষ সাধারণত দ্রুত সেবে ওঠেন এবং বিশ্রাম নিয়ে ও সহজ কিছু চিকিৎসার পর সুস্থ হয়ে ওঠেন।

আপনার শিশুর মধ্যে নিম্নোক্ত ব্যাপারগুলি থাকলে দ্রুত চিকিৎসা সংক্রান্ত পরামর্শ নিতে হবে:

- বুকে ব্যথা
- হাঁপানি বা শ্বাসকষ্ট
- হাদস্পন্দন বেড়ে যাওয়া, ফ্লাটারিং বা বুক ধড়ফড় করা।

## টিকা থেকে কি আপনার শিশুর COVID-19 হতে পারে?

টিকা থেকে আপনার শিশুর COVID-19 হতে পারে না, তবে COVID-19 এ আক্রান্ত হওয়া সম্ভব এবং তাদের টিকাদানের অ্যাপয়েন্টমেন্টের পর পর্যন্ত উপসর্গগুলি চিনে নেওয়া সম্ভব নয়।

COVID-19 এর সবচেয়ে গুরুত্বপূর্ণ উপসর্গগুলির মধ্যে সম্প্রতি যেগুলি দেখা দিয়েছে সেগুলি নিচে উল্লেখ করা হলো:

- হঠাত করে একটানা কাশি
- শরীরের তাপমাত্রা বেড়ে যাওয়া
- স্বাদ বা গন্ধের অনুভূতিতে হঠাত পরিবর্তন বা বদলে যাওয়া (অ্যানোসমিয়া)

টিকা নেওয়ার এক-দুই দিনের মধ্যে জ্বর হতে পারে, আপনার শিশুর মধ্যে যদি COVID-19 এর উপসর্গ থাকে বা তার জ্বর দীর্ঘদিন থাকে, তাহলে তাকে বাসায় থাকতে হবে এবং পরীক্ষা করাতে হবে।

## এর পর কী করতে হবে



আপনার শিশুর টিকাদানের পর আপনাকে একটি রেকর্ড কার্ড দেওয়া হবে। আপনার শিশুর যদি দ্বিতীয় ডোজের প্রয়োজন হয়, তাহলে প্রায় 8 থেকে 12 সপ্তাহের মধ্যে তার পরবর্তী অ্যাপয়েন্টমেন্ট ঠিক করা হবে। দ্বিতীয় ডোজ তাকে আরও দীর্ঘ সুরক্ষা দেবে।

আপনার শিশুর রেকর্ড কার্ড নিরাপদে রাখুন।  
আপনার শিশুর যদি দ্বিতীয় ডোজের প্রয়োজন হয়,  
তাহলে আপনার পরবর্তী অ্যাপয়েন্টমেন্ট ঠিক করতে  
ভুলবেন না।

আপনার শিশু যদি অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত হওয়ার  
জন্য সুস্থ না থাকে

আপনার শিশু যদি সুস্থ না থাকে, তাহলে তাকে টিকা  
দেওয়ার আগে সুস্থ হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে।

আপনার শিশু COVID-19 পরীক্ষার জন্য অপেক্ষা  
করলে বা নিজেকে আইসোলেট করলে টিকার  
অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত হওয়া উচিত নয়। সাধারণত  
আপনার শিশু COVID-19 পরীক্ষায় পজিটিভ হলে  
12 সপ্তাহ বা আপনার শিশুর ঝুঁকি বেশি থাকলে  
কমপক্ষে 4 সপ্তাহ অপেক্ষা করতে হবে।

**টিকা কি আপনার শিশুকে রক্ষা করবে?**

আপনার শিশুকে যে COVID-19 টিকা দেওয়া হয়েছে,  
সেটি COVID-19 রোগে ভোগার সম্ভাবনা হ্রাস করে  
বলে প্রমাণ পাওয়া গিয়েছে।

সমগ্র বিশ্বে টিকার লক্ষ লক্ষ ডোজ ইতোমধ্যে প্রয়োগ  
করা হয়েছে। শিশু এবং কম বয়সীদের মধ্যে টিকা অত্যন্ত  
কার্যকর।

টিকা নেওয়ার পর আপনার শিশুর শরীরে সুরক্ষা তৈরি হতে কয়েক সপ্তাহ সময় লাগতে পারে। অন্যান্য সমস্ত ওষুধের মতো কোনো টিকা সম্পূর্ণভাবে কার্যকর নয়। তাই আপনার শিশু যাতে সংক্রামিত না হয় তা নিশ্চিত করতে প্রস্তাবিত সাবধানতা অবলম্বন চালিয়ে যেতে হবে।

টিকা নেওয়া সত্ত্বেও কিছু শিশু COVID-19 এ আক্রান্ত হতে পারে, তবে সেটা সাধারণত গুরুতর হয় না।

**আপনার শিশু টিকা নেওয়ার পর কী করতে পারে**  
টিকা থেকে আপনার শিশুর COVID-19 সংক্রমণ হতে পারে না, এটি অসুস্থ হওয়ার সম্ভাবনা হ্রাস করে দেয়।

তাই বর্তমানের জাতীয় নির্দেশিকা অনুসরণ চালিয়ে যাওয়া এখনও গুরুত্বপূর্ণ। টিকা নেওয়ার পর আপনার শিশু স্কুলে যাওয়া চালিয়ে যেতে পারে।

নিজেকে এবং আপনার পরিবার, বন্ধুবান্ধব ও সহকর্মীদের সুরক্ষিত রাখার জন্য আপনাকে অবশ্যই নিম্নোক্তগুলি করতে হবে:

- শারীরিক দূরত্ববিধির ব্যাপারে সচেতন থাকুন
- প্রয়োজন অনুযায়ী ফেস মাস্ক পরুন
- সাবধানে এবং নিয়মিতভাবে আপনার হাত ধুয়ে নিন
- তরতাজা বাতাস যাতায়াত করার জন্য জানালা খুলে দিন
- বর্তমান নির্দেশিকা অনুসরণ করুন  
([gov.uk/coronavirus](https://www.gov.uk/coronavirus))



## COVID-19 কীভাবে ছড়ায়

বিশেষত কথা বলা বা কাশির সময় নাক বা মুখ থেকে নিশাসের সাথে নির্গত হওয়া ড্রপলেটের মাধ্যমে COVID-19 ছড়ায়। এছাড়া সংক্রামিত বস্ত্র বা সার্ফেসের সংস্পর্শে আসার পর চোখ, নাক এবং মুখ স্পর্শ করলেও এটি ছড়াতে পারে।

### আরও তথ্য

সন্তান্য পার্শ্বপ্রতিক্রিয়াসহ টিকার ব্যাপারে আরও বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে [Coronavirus Yellow Card](#) ওয়েবসাইটে প্রোডাক্টের তথ্যের লিফলেট পড়ুন।

এছাড়া আপনি একই ওয়েবসাইটে বা [Yellow Card](#) অ্যাপ ডাউনলোড করার মাধ্যমে সন্তান্য পার্শ্বপ্রতিক্রিয়ার ব্যাপারে জানাতে পারেন। আরও বিস্তারিত তথ্য এই ওয়েবসাইটে দেখা যাবে [www.nhs.uk/conditions/coronavirus-covid-19/coronavirus-vaccination/](https://www.nhs.uk/conditions/coronavirus-covid-19/coronavirus-vaccination/)।



© Crown copyright 2022. V1 1p 500K JAN 2022 (APS)  
UK Health Security Agency gateway number: 20211172.  
Product code: C22W511BEN Bengali.

This leaflet is also available as an Easy Read version, braille, large print, and in Albanian, Arabic, Bengali, Bulgarian, Chinese, Estonian, Greek, Gujarati, Hindi, Panjabi, Latvian, Lithuanian, Polish, Portuguese, Brazilian, Romany, Romanian, Russian, Somali, Spanish, Turkish, Twi, Ukrainian and Urdu paper copies.

এই লিফলেটের আরও কপি অর্ডার করার জন্য এই ওয়েবসাইট ভিজিট করুন

[www.healthpublications.gov.uk](http://www.healthpublications.gov.uk) বা নিচের নম্বের ফোন করুন:

0300 123 1002 (সকাল 8টা থেকে সন্ধ্যা 6টা, সোমবার থেকে শুক্রবার)।